

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদরকার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd




স্মারকনং-৩৫.০৩.০০০০.০২.৪৭.০০৫.১৯-২৫৬৬

তারিখঃ ০১/১০/২০২০খ্রিঃ।

বিষয়ঃ মূল্যবান সময় বাঁচান, এ্যাপয়েন্টমেন্ট নিয়ে ফিটনেস করুন সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মূল্যবান সময় বাঁচান, এ্যাপয়েন্টমেন্ট নিয়ে ফিটনেস করুন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি (রজিন) ফরমে ৪'x ৪ কলামে নিম্ন বর্ণিত ০৪ (চার) টি জাতীয় দৈনিক পত্রিকায় (একাধিক সংস্করণ প্রকাশিত হলে সকল সংস্করণের) প্রথম অথবা শেষ পাতায় আগামী ০৮/১০/২০২০খ্রিঃ তারিখে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তি সম্বলিত পত্রিকার প্রত্যেকটির ০৩ (তিন) টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বিজ্ঞপ্তি ০১ (এক) ফর্দ।


(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন-৫৫০৪০৭২২

বিতরণঃ

১। কালের কণ্ঠ ২। আমাদের নতুন সময় ৩। মানবকণ্ঠ ৪। Dhaka Tribune

অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
- ২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচার করার অনুরোধসহ)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)



মূল্যবান সময় বাঁচান, এ্যাপয়েন্টমেন্ট নিয়ে ফিটনেস সনদ গ্রহণ করুন।

আগামী ১৫ অক্টোবর, ২০২০ তারিখ হতে ঢাকা মেট্রো সার্কেল-১ (মিরপুর), মেট্রো সার্কেল-২ (ইকুরিয়া), মেট্রো সার্কেল-৩ (দিয়াবাড়ি) ও ঢাকা জেলা সার্কেল হতে অনলাইনে এ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে ফিটনেস সনদ প্রদান শুরু হচ্ছে। অনলাইনে এ্যাপয়েন্টমেন্ট নিয়ে নির্ধারিত সময়ে গাড়ি হাজির করে ফিটনেস নবায়ন সনদ গ্রহণ করুন।

এ্যাপয়েন্টমেন্ট প্রক্রিয়া

- বিআরটিএ সার্ভিস পোর্টাল (bsp.brta.gov.bd)-এ নিবন্ধন করুন ও লগ ইন করুন;
- মোটরযান সংযোজন অপশনে মোটরযান সংযোজন করুন;
- এ্যাপয়েন্টমেন্ট মেনু থেকে এ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করুন;
- নির্ধারিত সময়ে সার্কেলে মোটরযান হাজির করে ফিটনেস নবায়ন করুন।

[বিঃদ্র: ঢাকা মেট্রো সার্কেল-১, ২, ৩ ও ঢাকা জেলা সার্কেল হতে এ্যাপয়েন্টমেন্ট ব্যতিত মোটরযানের ফিটনেস নবায়ন করা যাবে না।]

পরিচালক (অপারেশন)
বিআরটিএ